

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
উপজেলা পরিসংখ্যান কার্যালয়
ধামইরহাট, নওগাঁ।
dhamoirhat.naogaon.gov.bd

স্মারকনং-৫২.০১.৬৪২৮.০০০.১৪.০০৩.২০-১২০

তারিখ: ১৩/০১/২০২০খ্রিঃ


নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নধীন 'জনশুমারি ও গৃহগণনা ২০২১' এর লিস্টিং অপারেশন এবং মূল শুমারির গণনা কার্যক্রমে 'তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজার' পদে নিয়োগের প্যানেল গঠনের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তে শুধুমাত্র ধামইরহাট উপজেলায় স্থায়ীভাবে বসবাসকারী বেকার যুবক/যুবমহিলা এবং ছাত্র/ছাত্রীদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্র:নং	পদের নাম	প্রাপ্য ভাতাদি (টাকা)	প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা
০১)	সুপারভাইজার	প্রকল্পের বর্তমান ডিপিপি'র মোতাবেক সম্মানীভাতা পাবেন।	১) ন্যূনতম স্নাতক পাস হতে হবে। ২) নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে। ৩) স্মার্টফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ্ব হতে হবে। ৪) স্মার্টফোনের স্ক্রীনসাইজ ন্যূনতম ৫.০(পাঁচ) ইঞ্চি হতে হবে। ৫) সহজে বোধগম্য হাতের লেখার অধিকারী হতে হবে। ৬) উপর্যুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে সুপারভাইজার হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে। ৭) ০১/০২/২০২০ তারিখে বয়স ২৩-৪০ বৎসরের মধ্যে হতে হবে।
০২)	তালিকাকারী/গণনাকারী	প্রকল্পের বর্তমান ডিপিপি'র মোতাবেক সম্মানীভাতা পাবেন।	১) ন্যূনতম এইচএসসি/সমমান পাস হতে হবে। ২) নিজস্ব স্মার্ট ফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে। ৩) স্মার্টফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ্ব হতে হবে। ৪) স্মার্টফোনের স্ক্রীন সাইজ ন্যূনতম ৫.০(পাঁচ) ইঞ্চি হতে হবে। ৫) সহজে বোধগম্য হাতের লেখার অধিকারী হতে হবে। ৬) উপর্যুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে গণনাকারী হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে। ৭) ০১/০২/২০২০ তারিখে বয়স ১৮-৩৫ বৎসরের মধ্যে হতে হবে।

শর্তাবলী:

- উপজেলা পরিসংখ্যান কার্যালয়ের ওয়েবসাইট(dhamoirhat.naogaon.gov.bd) থেকে ডাউনলোড করে আবেদনের নির্ধারিত ফরম সংগ্রহপূর্বক স্বহস্তে পূরণ করে আবেদন করতে হবে। এছাড়া আবেদনের নির্ধারিত ফরম জেলা পরিসংখ্যান কার্যালয়ের ওয়েবসাইট (bbs.naogaon.gov.bd) থেকেও সংগ্রহ করা যাবে।
- লিস্টিং অপারেশন (ফেব্রুয়ারি/২০২০মাসে) কার্যক্রমে প্রতি তালিকাকারী ১০(দশ) দিনে মোট ৪০০ (কম/বেশী) খানার তালিকা করবেন।
- লিস্টিং অপারেশনে মোবাইল অ্যাপস ব্যবহারপূর্বক তথ্য সংগ্রহ করতে হবে বিধায় নিজস্ব স্মার্টফোন রয়েছে এবং স্মার্টফোন পরিচালনায় দক্ষতা আছে কেবল এমন প্রার্থীগণই আবেদন করতে পারবেন।
- নিয়োগের অন্যান্য শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে মহিলাপ্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা হবে।
- লিস্টিং অপারেশনে নিয়োজিত তালিকাকারী ও সুপারভাইজারগণের কার্যক্রম সন্তোষজনক মর্মে প্রতীয়মান হলে তারা মূলশুমারিতেও যথাক্রমে গণনাকারী এবং সুপারভাইজার হিসেবে দায়িত্ব পালন করবেন।
- প্রার্থীকে সরকারী/বেসরকারী কোন প্রকল্পে যেমনঃন্যাশনাল সার্ভিস, স্কুল, কিডার গার্ডেনে নিয়োজিত থাকা যাবেনা।
- ভুল বা অসম্পূর্ণ আবেদন ফরম বাতিল বলে গণ্য হবে। একজন ব্যক্তি একটি মাত্র পদে আবেদন করতে পারবেন।
- সকল পদের আবেদন ফরম বদ্ধ খামের উপর ডান পার্শ্বে পদের নাম এবং নিজ ইউনিয়নের নাম উল্লেখ পূর্বক আগামী ১৫/০১/২০২০ খ্রিঃ হতে ২৩/০১/২০২০ খ্রিঃ তারিখের মধ্যে উপজেলা পরিসংখ্যান অফিসারের কার্যালয়ের নির্ধারিত বক্সে সরাসরি অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌঁছাতে হবে।
- প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় (প্রযোজ্যক্ষেত্রে) অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।
- শুধুমাত্র লিস্টিং অপারেশনের জন্য চূড়ান্ত প্রার্থীদের তালিকা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের নোটিশবোর্ডে প্রকাশ করা হবে। এছাড়াও চূড়ান্ত তালিকা উপজেলা পরিসংখ্যান কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হবে।
- ইউনিয়ন ভিত্তিক লিখিত/মৌখিক পরীক্ষার তারিখ নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে।
- নির্বাচিত প্রার্থী প্রশিক্ষণে অনুপস্থিত থাকলে তিনি কাজ করতে আগ্রহী নন বলে গণ্য হবেন এবং তার নিয়োগ তাৎক্ষণিকভাবে বাতিল হয়ে যাবে।
- আবেদনপত্রের সাথে নিম্নের সকল কাগজপত্র সত্যায়িত করে জমা দিতে হবে।
 - সদ্যতোলা পাসপোর্ট সাইজের- ০১ (এক)কপি ও স্ট্যাম্প সাইজের ০১ (এক)কপি ছবি।
 - জাতীয় পরিচয়পত্র (এন.আই.ডি.)- ০১ (এক) কপি ফটোকপি।
 - জাতীয়ত/নাগরিকত্ব সনদ পত্রের সত্যায়িতকপি।
 - শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ- ০১ (এক) কপি ফটোকপি।
 - পূর্ববর্তী শুমারিতে কাজের অভিজ্ঞতার স্বপক্ষে উপজেলা পরিসংখ্যান অফিস হতে প্রাপ্ত প্রত্যয়ন পত্রের সত্যায়িত কপি।
- নিয়োগ সংক্রান্ত বিষয়ে এতদুদ্দেশ্যে গঠিত নিয়োগ কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।


(গনপতি রায়)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
জনশুমারি ও গৃহগণনা ২০২১ এর
গণনাকারী ও সুপারভাইজার নির্বাচন কমিটি
ধামইরহাট, নওগাঁ।